# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 15-03-25** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) কলকাতায় আজ তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদকের ডাকা বৈঠককে ঘিরে জোরদার প্রস্তুতি চলেছে। দলের প্রায় সাড়ে চার হাজার নেতার এই বৈঠকে যোগদানের সম্ভাবনা।

২) দোলের দিন গতকাল নদীয়ার চাপড়ায় এক পথ দুর্ঘটনায় সাত জনের মৃত্যু। আহত আরও ৬ জন।

এদিকে স্নান করতে নেমে গতকাল রাজ্যে চার জেলায় জলে ডুবে ৬ জনের মৃত্যু হয়েছে।

৩) উত্তর ২৪ পরগণার টিটাগড়ে ছুরিকাঘাতে এক যুবকের মৃত্যুর ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে।

অন্যদিকে ভাটাপাড়ায় আরও এক যুবককে কুপিয়ে খুনের চেষ্টাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায়।

৪) আজ বিশ্ব উপভোক্তা অধিকার দিবস। নানা অনুষ্ঠানে দিনটি পালিত হচ্ছে।

-------------------------------------------------------------------------------------------

কলকাতায় আজ তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বৈঠকের জোরদার প্রস্তুতি চলেছে। বৈঠকে যোগ দেবেন দলের প্রায় ৪ হাজার ৫০০ জন নেতা। বৈঠক হবে ভার্চুয়াল মাধ্যমে। যাঁদের থাকার কথা, তাঁদের মোবাইলে নির্ধারিত সময়ের আগেই চলে যাবে বৈঠকের 'লিঙ্ক'।

রাজ্যসভা এবং লোকসভার সমস্ত সাংসদকে বৈঠকে ডাকা হয়েছে। লোকসভা নির্বাচনে লড়াই করে হারতে হয়েছিল, এমন কয়েক জন প্রার্থীকেও বৈঠকে থাকতে বলা হয়েছে। থাকবেন তৃণমূলের সমস্ত বিধায়ক, পুরনিগমগুলির মেয়র, ডেপুটি মেয়র এবং চেয়ারম্যান। কলকাতা পুরসভার সমস্ত কাউন্সিলরকেও ডাকা হয়েছে। জেলা পরিষদের সভাধিপতি-সহ গোটা জেলা পরিষদকে থাকতে বলা হয়েছে। পুরসভাগুলির চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান থাকবেন।

ছাত্র, যুব, শ্রমিক, কৃষক, সংখ্যালঘু, মহিলা— সমস্ত শাখা সংগঠনের জেলার নেতৃত্বকে থাকতে বলা হয়েছে আজকের বৈঠকে। তবে বৈঠক থেকে বাদ রাখা হয়েছে দলের অধ্যাপক, প্রাথমিক শিক্ষক, বিদ্যালয় শিক্ষক এবং পার্শ্বশিক্ষকদের সংগঠনকে।

২০২৬-এর বিধানসভা নির্বাচনের আগে এই বৈঠক বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে।

----------------------

রাজ্য জুড়ে গতকাল রং-এর উৎসব হোলি এবং দোলযাত্রা বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপিত হয়। পাড়ায় পাড়ায় রঙের উৎসবে মেতে ওঠেন আবালবৃদ্ধবণিতা।

দোল পূর্ণিমায় শ্রীচৈতন্যদেবের আবির্ভাব উপলক্ষে নবদ্বীপ ধামে মহাসমারোহে পালিত হয় দোল উৎসব।

বর্ধমানে বাসিন্দারা গতকাল লক্ষ্মী নারায়ণ জিউ ও অন্য দেবতার উদ্দেশ্যে আবীর নিবেদন করে আজ রঙয়ের উৎসবে মাতবেন। রাজ আমল থেকে চলে আসা এই নিয়ম আজও প্রচলিত।

এদিকে, অন্য এক বসন্ত উৎসব পালিত হল পশ্চিম বর্ধমানের বার্ণপুরের হারামডি রাঙাপাড়া আদিবাসী এলাকায়। আদিবাসীদের মতে এটি হল বসন্তের বাহাপরব। এখানে দোল বা বসন্ত উৎসবে কোনো রঙের ব্যবহার হয়না। প্রকৃতি পুজারী আদিবাসীরা, প্রাকৃতিক উপাদানে বিশ্বাসী। তাই তাঁরা পরস্পরকে জল দিয়ে বসন্তোৎসব পালন করেন। প্রথা মেনে একে অপরের মাথায় জল ঢেলে বসন্ত উৎসব পালন করেন। আগের দিন গাছের গোড়ায় জল দিয়ে পুজো দেন।

----------------------

দোলের দিন গতকাল নদীয়ার চাপড়া থানা এলাকার লক্ষীগাছায় দুটি টোটোকে একটি গাড়ি পরপর ধাক্কা মারলে সাতজনের মৃত্যুর ঘটনার পর গাড়ির চালক ও মালিকের খোঁজে তল্লাশি চলেছ। চালক মদ্যপ অবস্থায় ছিল বলে স্থানীয় মানুষের অভিযোগ। দুর্ঘটনার পরই গাড়ির চালক, মালিক, স্ত্রী ও মেয়েকে নিয়ে পালিয়ে যায়।

কৃষ্ণনগরের পুলিশ সুপার জানিয়েছেন, কৃষ্ণনগর থেকে করিমপুর গামী ঐ স্করপিও গাড়িটি নিয়ন্ত্রন হারিয়ে পরপর দুটি টোটোকে ধাক্কা মারে। গুরুতর আহত টোটো আরোহীদের হাসপাতালে নিয়ে যাওয়া হলে প্রথমে ছ জনকে মৃত ঘোষণা করা

হয়। পরে গুরুতর আহত আরও এক জনের হাসপাতালেই মৃত্যু হয়। আহত আরও ৬ জনের হাসপাতালে চিকিৎসা চলেছে।

মৃতদের মধ্যে তাকরিন মল্লিক নামে তিন বছরের একটি শিশু কন্যা এবং রোহন শেখ নামে ১৬ বছরের এক কিশোর রয়েছে। তাকরিন সহ ৩ জন নকাশিপাড়া থানা এলাকার তেঘরিয়া ও চার জন চাপড়া থানা এলাকার হুদা গ্রামের বাসিন্দা। এরা সকলেই বাজার করতে যাচ্ছিল।

এদিকে, দুর্ঘটনার পর আহতদের একটি যাত্রীবাহী বাসে হাসপাতালে নিয়ে যাওয়ার চেষ্টা করেন স্থানীয়রা। কিন্তু বাসের চালক ও কনডাক্টর তাদের নিয়ে যেতে রাজী হননি বলে অভিযোগ। এর প্রেক্ষিতে উত্তেজিত জনতা বাসের দরজা জানালা ভাঙচুর করে। পরে চাপড়া থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

-----------------------

দোলের দিন গতকাল স্নান করতে নেমে রাজ্যে চার জেলায় জলে ডুবে ৬ জনের মৃত্যু হয়েছে।

মুর্শিদাবাদের রানীনগরে পুকুরে স্নান করতে নেমে দুই নাবালক তলিয়ে যায়। রানীনগরের রামচন্দ্র পুরের বাসিন্দা  বছর ১২ র মুস্তাফা মন্ডল ও তামিম মন্ডল, সঙ্গীদের নিয়ে এলাকার একটি পুকুরে নামে। সাতার না জানায় গভীর জলে তলিয়ে গেলে দুজনেই ডুবে যায়। সঙ্গীরা চিৎকার করে এলাকাবাসীকে ডেকে আনে। তারাই পুকুর থেকে অচেতন দুই নাবালকের দেহ উদ্ধার করে। পরে স্থানীয় গ্রামীন চিকিৎসক তাদের মৃত বলে ঘোষণা করেন।

এদিকে হাওড়া শিবপুর ঘাটে দোল খেলার পর বন্ধুদের সঙ্গে গঙ্গায় স্নান করতে নেমে এক যুবক তলিয়ে যায়। অতীশ চৌধুরী নামে বেতাইতলার বাসিন্দা ঐ যুবকের খোঁজে শিবপুর থানা ও রিভার ট্রাফিক পুলিশ এবং বিপর্যয় মোকাবিলা বাহিনী দীর্ঘক্ষণ যৌথ তল্লাশি চালায়। কিন্তু তার খোঁজ মেলেনি। সন্ধ্যার পর ঘাট থেকে বেশ কিছুটা দূরে তাঁর মৃতদেহ ভেসে ওঠে। এই ঘটনায় পরিবারের পক্ষ থেকে অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করা হয়েছে। মৃতের দুই বন্ধুকে আটক করে জিজ্ঞাসাবাদও চালানো হচ্ছে। বন্ধুদের অবশ্য দাবি, সাঁতার না জেনেই ঘাট থেকে নদীতে ঝাঁপ দিয়েছিলেন অতীশ।

অন্যদিকে হাওড়ায় বন্ধুদের সঙ্গে রং খেলার পর পুকুরে স্নান করতে গিয়ে আর এক যুবকের মৃত্যু হয়েছে। বালটিকুরির বাসিন্দা অরিজিত্ মেটে উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী। দীর্ঘ খোঁজাখুজির পর তাঁর দেহ উদ্ধার হয়। হাসপাতালে নিয়ে যাওয়ার পর চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের কংসাবতীর নদীর আমতলা ঘাটে স্নান করতে গিয়ে বিদ্যাসাগর বিদ্যাপীঠের সপ্তম শ্রেণীর ছাত্র শোভন দাসও তলিয়ে যায়। ২১ নম্বর ওয়ার্ডের বাসিন্দা শোভন বছর ১৪-র ঐ কিশোর সাঁতার জানতনা। তাকে তলিয়ে যেতে দেখে চিৎকাল চেঁচামেচি শুরু করে বন্ধুরা। সেই শুনে স্থানীয় মানুষজন ছুটে গিয়ে বেশ কিছুক্ষণ খোঁজাখুঁজির পর শোভনের মৃতদেহ উদ্ধার করে। এলাকার কাউন্সিলার মহম্মদ সইফুল ইসলামও খবর পেয়ে ঘটনাস্থলে যান।

অন্যদিকে, রং খেলে হুগলীর বারো মন্দির ঘাটে স্নান করতে গিয়ে আরও এক যুবক তলিয়ে গেছে। চন্দননগর পুলিশের এসিপি এবং উত্তরপাড়া থানার পুলিশ খবর

পেয়ে ঘটনাস্থলে যায়। চলে ব্যাপক তল্লাশি। তবে শেষ খবর পাওয়া পর্যন্ত তার খোঁজ মেলেনি।

-----------------------

পূর্ব মেদিনীপুরের দীঘায় জগন্নাথ মন্দিরের পর এবার নন্দীগ্রামে রাম মন্দির তৈরি করা হবে বলে বিরেধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। তিনি গতকাল নন্দীগ্রামে শহীদ দিবসের মঞ্চ থেকে এই মন্দির তৈরির কথা ঘোষণা করেন। আগামী ৬ই এপ্রিল রাম নবমীর দিন নন্দীগ্রামের সোনাচূড়ায় এই মন্দির নির্মাণের কাজ শুরু হবে। প্রায় সাড়ে তিন বিঘা জমির ওপর অযোধ্যার রাম মন্দিরের আদোলে নতুন মন্দিরটি গড়ে তোলা হবে। এক বছরের মধ্যেই এই নির্মাণ কাজ শেষ হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য এর আগে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দীঘায় জগন্নাথ মন্দির তৈরির কথা ঘোষণা করেন। আগামী ৩০ শে এপ্রিল অক্ষয় তৃতীয়ার দিন এই মন্দির উদ্বোধনের কথা।

-----------------------

উত্তর ২৪ পরগণার টিটাগড়ে এক যুবককে কুপিয়ে খুনের ঘটনায় পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে। পবন রাজভর নামে ধৃত ঐ যুবককে জয়শ্রী ফক্যটরীর গেটের কাছ থেকে ধরা হয়। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এই ঘটনায় কানাই সাউ নামে আরও এক অভিযুক্ত পলাতক। তার খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।

উল্লেখ্য, আকাশ চৌধুরী নামে ঐ যুবককে পুরনো শত্রুতার জেরে রং খেলার অছিলায় তাকে কুপিয়ে খুন করা হয় বলে অভিযোগ। তিনি স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মী ছিলেন। পুলিশ জানিয়েছে, মদ্যপ অবস্থায় কয়েকজন যুবক প্রয়শয়ই ঐ এলাকায় এসে অশান্তি করত। আকাশ তার প্রতিবাদ করলে সেই নিয়েই বচসা বাধে।

---------------------

এদিকে উত্তর ২৪ পরগণার ভাটপাড়া পুরসভার নেতাজী নগর কলোনী এলাকায় গতকালই সঞ্জীত বারুই নামে আরও একজন যুবককে কুপিয়ে খুনের চেষ্টা করা হলে চাঞ্চল্য ছড়ায়। তিন দুষ্কৃতী পেশায় রাজমিস্ত্রি সঞ্জিতকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে ধারালো অস্ত্র দিয়ে এলোপাথারি কোপ দেয়। রক্তাক্ত অবস্থায় সঞ্জিতকে প্রথমে ভাটপাড়া স্টেট জেনারেল হাসপাতাল ও পরে কল্যাণী জওহরলাল নেহরু হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই এখন তার চিকিৎসা চলেছে। অবস্থা আশঙ্কাজনক। কি কারণে এই ঘটনা তা নিয়ে তদন্ত শুরু করেছে জগদ্দল থানার পুলিশ। তবে ব্যক্তিগত শত্রুতাই এর কারণ বলে প্রাথমিক অনুমান।

---------------------

বাঁকুড়ার জয়পুর থানার বাঘাজোল এলাকায় গতকাল দুটি পরিবারের মধ্যে বিবাদের ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে । দু'জনকে আটক করার প্রতিবাদে উত্তেজিত জনতা পথ অবরোধ করলে ব্যাপক লাঠিচার্জ করে অবরোধ হঠায় পুলিশ।

উল্লেখ্য, পুরানো শত্রুতার জেরে গ্রামেরই দুই প্রতিবেশী পরিবারের মধ্যে সংঘর্ষের ঘটনায় এক মহিলা সহ দুই জনকে আটক করেছিল পুলিশ। বিনা দোষে পুলিশ তাদের আটক করেছে এই অভিযোগ তুলে পথ অবরোধ করেন গ্রামবাসীদের একাংশ। বেশ

কিছুক্ষণ বিক্ষোভ ও অবরোধ চলার পর জয়পুর থানার পুলিশ লাঠিচার্জ করে অবরোধকারীদের হঠিয়ে দেয় বলে জানা গেছে।

----------------------

মুর্শিদাবাদের ভরতপুরে ফুটবল খেলতে গিয়ে বোমা বিস্ফোরণে এক বালক আহত হয়েছে। শাহিন নামে ১১ বছরের ঐ ছেলেটি কান্দি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। পুলিশ জানিয়েছে, গতকাল হরিশচন্দ্রপুরের দক্ষিণপাড়া ইদগা এলাকায় ফুটবল খেলছিল স্থানীয় বাচ্চারা। খেলতে খেলতে বলটি মাঠের পাশে একটি ঝোপে গিয়ে পড়ে। শাহিন সেটি কুড়োতে গেলে একটি ব্যাগে পা লাগে। সঙ্গে সঙ্গে সেটিতে বিস্ফোরণ ঘটে। বিকট শব্দে কেঁপে ওঠে এলাক। স্থানীয় বাসিন্দারাই রক্তাক্ত শাহিনকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, ঝোপের মধ্যে ঐ ব্যাগে বোমা রাখা ছিল। কে বা কারা ঐ বোমা রেখেছিল, পুলিশ তা খতিয়ে দেখছে।

----------------------

প্রয়াত অভিনেতা দেব মুখোপাধ্যায়ের শেষকৃত্য গতসন্ধ্যায় মুম্বই-এর ভিলে পার্লে সম্পন্ন হয়। গতকাল সকলে মুম্বইতে ঘুমের মধ্যেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৮৩ বছর।

কিংবদন্তী অভিনেতা অশোক কুমার ও কিশোর কুমারের ভাগ্নে দেব মুখোপাধ্যায়ের অভিনয় জীবন শুরু ছয়ের দশকে। তার অভিনীত ছবিগুলির মধ্যে আছে তু হ্যায় মেরি জিন্দেগী, অভিনেত্রী ইত্যাদি।

অন্যদিকে, তিনি বিশিষ্ট অভিনেত্রী কাজলের কাকাও। তাঁর ছেলে অয়ন মুখোপাধ্যায়ও নাম করা পরিচালক।

-----------------------

আজ বিশ্ব উপভোক্তা অধিকার দিবস। গ্রাহকদের অধিকার সুরক্ষিত রেখে সেই বিষয়ে তাঁদের সচেতন করে তোলার লক্ষ্যে প্রতি বছর ১৫ই মার্চ এই দিনটি পালিত হয়। এবারের এই দিবসের মূল ভাবনা সুস্থায়ী জীবন যাত্রার লক্ষ্যে রূপান্তর। এই উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

----------------------- -----------------------